



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২০১৬

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/শরীয়তপুর-৪৫/১৯৬৫/৪

তারিখঃ ০৫/০২/২০১৭খ্রিঃ


বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.৩০.৮৬১৪.০০০.০৫.০১৪.১৬-০৭; তারিখঃ ০২/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলাধীন চরভাগা শনিকান্দি খাজে মোহাম্মদ দাখিল মাদরাসাটি পরিদর্শন পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারের এর বিরুদ্ধে সহকারী শিক্ষক জনাব মোঃ নুরুল ইসলামকে মিথ্যা ও ভিত্তিহীন অভিযোগ আনয়ন পূর্বক চাকরি হতে বরখাস্তকরণ, বোর্ডের নির্দেশ অমান্য করে যোগদানপত্র গ্রহণ না করা, মাদরাসার অর্থ আত্মসাৎ, ক্ষমতার অপব্যবহার, অসদাচরণ, শৃঙ্খলা ভঙ্গ, অবৈধভাবে মনগড়া ম্যানেজিং কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে সত্যতা পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)।

এছাড়া প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তা সভাপতি ও সুপার এর এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৬, ৩৭, ৩৮, ৪১ ও ৪৫ এর পরিপন্থি হওয়ায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৬৮৬/নথি নং- শরী-৪৫; তারিখঃ ২২/১২/২০১৫খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


৩/২/১৭
প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ ম্যানেজিং কমিটি; এবং

২) সুপার, চরভাগা শনিকান্দি খাজে মোহাম্মদ দাখিল মাদরাসা, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

নং-বামাশিবো/প্রশা/শরীয়তপুর-৪৫/

তারিখঃ ০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
২. জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
৩. জনাব মোঃ নুরুল ইসলাম, সহকারী শিক্ষক, চরভাগা শনিকান্দি খাজে মোহাম্মদ দাখিল মাদরাসা, ভেদরগঞ্জ, শরীয়তপুর
৪. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪